
সাপ্তাহিক
# চাকরির খবর
পশ্চিমবঙ্গের No. 1 জব নিউজ পোর্টাল exambangla.com -এর একটি উদ্যোগ।

16 ফেব্রুয়ারি, 2025 • 49 তম সংস্করণ • চাকরির খবর • শিক্ষার খবর • কারেন্ট অ্যাফেয়ার্স

## পোস্ট অফিসে ২১ হাজার গ্রামীণ ডাক সেবক নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** মাধ্যমিক পাশ যোগ্যতায় ২১,৪১৩ শূন্যপদে গ্রামীণ ডাক সেবক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করল ভারতীয় ডাক বিভাগ। ব্রাঞ্চ পোস্টমাস্টার (BPM), সহকারি ব্রাঞ্চ পোস্টমাস্টার (ABPM), গ্রামীণ ডাক সেবক পদে নিয়োগ করা হবে। চাকরি প্রার্থীকে যেকোনো স্বীকৃত বিদ্যালয় থেকে অন্ততপক্ষে মাধ্যমিক পাস করে থাকতে হবে। এর পাশাপাশি অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলেও চাকরিপ্রার্থীরা এখানে অবশ্যই আবেদন জানাতে পারবেন। কিন্তু নিয়োগের সময় শুধুমাত্র মাধ্যমিকের নম্বরের উপর ভিত্তি করে যোগ্য প্রার্থীদের নিয়োগ করবে পোস্ট অফিস কর্তৃপক্ষ। শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি আবেদনকারী ব্যক্তিকে সাইকেল অথবা বাইক চালাতে জানতে হবে। স্থানীয় ভাষাতে যথেষ্ট পরিমাণে দক্ষ হতে হবে। আবেদনকারীর কম্পিউটার সম্পর্কে যথাযথ জ্ঞান থাকাও বাধ্যতামূলক। ভারতীয় ডাক বিভাগের পদগুলিতে কর্মী হিসেবে নিযুক্ত হওয়ার জন্য চাকরিপ্রার্থীদের ১৮ বছর থেকে ৪০ বছরের মধ্যবর্তী হতে হবে। সম্পূর্ণ অনলাইন মাধ্যমে ভারতীয় ডাক বিভাগের www.indiapostgdsonline.gov.in -এই অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। কোনো রকম লিখিত পরীক্ষা বা ইন্টারভিউ ছাড়াই সরাসরি ডকুমেন্ট ভেরিফিকেশনের মাধ্যমে যোগ্য প্রার্থীদের নিয়োগ করা হবে। তবে নিয়োগের ক্ষেত্রে বাছাই করনের সময় শুধুমাত্র মাধ্যমিক পরীক্ষার নম্বর বিশ্লেষণ করে একটি মেধা তালিকা প্রকাশ করা হবে। চাকরি প্রার্থীরা সর্বোচ্চ ০৩ মার্চ ২০২৫ তারিখ পর্যন্ত আবেদন জানাতে পারবেন। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।




## কেন্দ্রীয় সরকারি দপ্তরে ইঞ্জিনিয়ার নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** কেন্দ্রীয় সরকারি দপ্তরে ইঞ্জিনিয়ার পদে ত্রিশটিরও বেশি পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এয়ার কন্ডিশনিং ও রেফ্রিজারেশন), অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল), অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার, অ্যাসিস্ট্যান্ট স্টোর অফিসার, বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ার, চিফ ডায়েটিশিয়ান, চিফ মেডিকেল রেকর্ড অফিসার এই পদে নিয়োগ করা হবে। অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এয়ার কন্ডিশনিং ও রেফ্রিজারেশন) পদের জন্য মেকানিক্যাল অথবা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্রাজুয়েট পাশ হতে হবে ও ৫ বছরের কর্মগত অভিজ্ঞতা থাকতে হবে। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে গ্রাজুয়েট পাশ হতে হবে ও ৫ বছরের কর্মগত অভিজ্ঞতা থাকতে হবে। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্রাজুয়েট পাশ হতে হবে ও ৫ বছরের কর্মগত অভিজ্ঞতা থাকতে হবে। অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার পদের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট বা সমতুল্য ডিগ্রি থাকতে হবে, প্রার্থীদের উচ্চতা হতে হবে কমপক্ষে ১৭০ সেন্টিমিটার। অ্যাসিস্ট্যান্ট স্টোর অফিসার পদের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট বা সমতুল্য ডিগ্রি থাকতে হবে, *পরের পাতায়*


অ্যাসিস্ট্যান্ট স্টোর অফিসার পদের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট বা সমতুল্য ডিগ্রি থাকতে হবে, ম্যাটেরিয়াল ম্যানেজমেন্টে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকতে হবে। বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ার পদের জন্য বি.ই/বি.টেক বায়ো মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং যোগ্যতা থাকতে হবে। চিফ ডায়েটিশিয়ান পদের জন্য সিনিয়ার ডায়েটিশিয়ান (অ্যাসিস্ট্যান্ট ফুড ম্যানেজার) যোগ্যতার সঙ্গে ৫ বছরের কর্মগত অভিজ্ঞতা থাকতে হবে। চিফ মেডিকেল রেকর্ড অফিসার পদের জন্য মেডিকেল রেকর্ড অফিসার হতে হবে ও ৮ বছরের কর্মগত অভিজ্ঞতা থাকতে হবে। অফলাইনে মাধ্যমে আবেদন জানাতে পারবেন। অফিসিয়াল ওয়েবসাইট www.becil.com এ আবেদন পত্র পাওয়া যাবে এবং তারপর আবেদনের ফর্ম সহ যাবতীয় নথিপত্র স্পিড পোস্ট বা রেজিস্টার পোস্ট করতে হবে। আবেদনের শেষ তারিখ ২৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ সন্ধ্যা ছটা পর্যন্ত। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটে কন্টেন্ট রাইটার নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** দেশের চাকরিপ্রার্থীদের কনটেন্ট রাইটার ও টেকনিক্যাল পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট। কনটেন্ট রাইটার, টেকনিক্যাল পার্সন পদে নিয়োগ করা হবে। কনটেন্ট রাইটার পদে আবেদনের জন্য চাকরি প্রার্থীদের ইংরেজি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি প্রাপ্ত হতে হবে। এর পাশাপাশি অন্ততপক্ষে দুই বছরের প্রযুক্তিগত কনটেন্ট লেখার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। টেকনিক্যাল পার্সন পদে আবেদনের জন্য চাকরিপ্রার্থীদের অন্ততপক্ষে এক বছরের ডেটাবেজ ম্যানেজমেন্ট এর অভিজ্ঞতার পাশাপাশি প্রযুক্তিগত বিষয়ে নিয়ে স্নাতকোত্তর ডিগ্রি বা বিটেক ডিগ্রি থাকতে হবে। ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের হিসাবে অনূর্ধ্ব ৩৫ বছর বয়সী চাকরিপ্রার্থীরা উভয় পদের জন্য আবেদন জানাতে পারবেন। পদগুলিতে আবেদনের জন্য চাকরিপ্রার্থীদের ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের পূর্বে নিজের সমস্ত শিক্ষাগত যোগ্যতা এবং কাজের বিবরণ সহ বায়োডাটা সমস্ত নথিপত্রের সঙ্গে একত্রিত করে সংস্থার ইমেল আইডিতে পাঠাতে হবে। www.isical.ac.in -এই অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে ইচ্ছুক চাকরি প্রার্থীরা সমস্ত বিবরণ বিশদে জেনে নিতে পারবেন। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# ইন্ডিয়ান নেভিতে কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, দিল্লি:** ভারতীয় নৌবাহিনীতে মোট ৯টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এক্সিকিউটিভ ব্রাঞ্চ অফিসার পদে মোট ৬০টি শূন্যপদ রয়েছে। আবেদন করবার জন্য প্রার্থীদের নূন্যতম ৬০ শতাংশ নম্বর পেয়ে বিটেক পাশ হতে হবে। পাইলট, নৌ বিমান অভিযান অফিসার, এয়ার ট্রাফিক কন্ট্রোলার পদে মোট ২৬টি শূন্যপদ রয়েছে। এই পদে পুরুষ ও মহিলা সকলেই আবেদন করতে পারবেন। তবে এই শূন্যপদের মধ্যে ৫টি শূন্য পদ মহিলাদের জন্য সংরক্ষিত। নৌ বিমান অভিযান অফিসার পদে মোট ২২টি শূন্যপদ রয়েছে। তিনটি পদের জন্য প্রার্থীদের নূন্যতম ৬০ শতাংশ নম্বর পেয়ে বিটেক পাশ করতে হবে। লজিস্টিকস অফিসার পদের জন্য শূন্যপদ থাকবে ২৮টি। আবেদন করবার জন্য বিই অথবা বিটেক এ ফার্স্ট ক্লাস অথবা এমবিএ তে ফার্স্ট ক্লাস অথবা বি এস সি, বি কম, পি জি, এম সি এ, এম এস সি তে ফার্স্ট ক্লাস পাশ হতে হবে। এডুকেশন অফিসার পদের ক্ষেত্রে মোট শূন্য পদ থাকবে ১৫টি। আবেদন করবার জন্য বি এস সি অথবা এম এস সি তে ৬০ শতাংশ নম্বর থাকতে হবে অথবা বিটেক/ এম টেক/ বি ই তে ৬০ শতাংশ নম্বর পেতে হবে। *পরের পাতায়*



ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ অফিসার পদের ক্ষেত্রে মোট শূন্য পদ থাকবে ৩৮টি। আবেদন করবার জন্য বি ই বা বিটেক-এ ৬০ শতাংশ নম্বর পেতে হবে। মেরিন ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এর মত বিষয়গুলিতে পড়াশোনা থাকতে হবে। নৌবাহিনী কনস্ট্রাক্টর অফিসার পদের ক্ষেত্রে মোট শূন্যপদ থাকবে ১৮টি। আবেদন করবার জন্য বি ই বা বিটেক-এ ৬০ শতাংশ নম্বর পেতে হবে। আবেদনকারী প্রার্থীদের সিভিল ইঞ্জিনিয়ারিং, নাভাল আর্কিটেকচার, শিপ ডিজাইন ইত্যাদি বিষয়ে পড়াশোনা থাকতে হবে। www.joinindiannavy.gov.in-ওয়েবসাইটে গিয়ে অনলাইন মাধ্যমে আবেদন জানাতে পারবেন। আবেদন জানানোর শেষ তারিখ ২৫শে ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত।

## পশ্চিমবঙ্গ বিদ্যুৎ দপ্তরে কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের অন্তর্গত বিদ্যুৎ দপ্তরে যোগ্য কর্মীদের নিয়োগ করার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। কনসালটেন্ট পদের জন্য যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে হিউম্যান রিসোর্স বিষয়ে এমবিএ বা ডিপ্লোমা ডিগ্রী থাকলে চাকরিপ্রার্থীরা এই পদের জন্য আবেদন জানাতে পারবেন।GBWB ও PPJH এর ম্যানেজার পদের জন্য যে কোন শিক্ষিত বিশ্ববিদ্যালয় থেকে মাইনিং ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকলে তবেই এই পদে আবেদন জানানো যাবে। ডেপুটি কনসালটেন্ট পদের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জিওলজি বিষয়ে স্নাতক ডিগ্রি প্রাপ্ত ব্যক্তিরা এই পদে আবেদনের যোগ্য। সেফটি অফিসার পদের জন্য চার বছরের পূর্ণ B.E/B.Tech বা M.Tech ডিগ্রি প্রাপ্ত চাকরি প্রার্থীরা এই পদে আবেদন জানাতে পারবেন। সুপারভাইজিং অফিসার পদের জন্য দুই বছরের পূর্ণ স্নাতক ডিগ্রী এবং বিশেষজ্ঞতা থাকলে তবেই চাকরি প্রার্থীরা এই পদে আবেদন জানাতে পারবেন। ম্যাগাজিন ইনচার্জ পদের জন্য UGC এর অন্তর্গত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি প্রাপ্ত ব্যক্তিরা এই পদে আবেদনের যোগ্য। প্রতিটি পদের জন্য চাকরি প্রার্থীদের যথাযথ পরিমাণ পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। সম্পূর্ণ অনলাইন মাধ্যমে সংস্থার অফিসিয়াল ওয়েবসাইটে www.wbpdcl.co.in গিয়ে আবেদন পত্র পূরণ করে জমা করতে হবে। অনলাইন মাধ্যমে আবেদন জানানোর জন্য অবশ্যই আবেদন পত্রটি ১৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ থেকে ১৮ মার্চ ২০২৫ তারিখের মধ্যে জমা করতে হবে।

# কারেন্ট অ্যাফেয়ার্স

## ১০ ফেব্রুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত

- ‘সাইক্লোন 2025’ যৌথ সামরিক মহড়া শুরু হয়েছে- ভারত ও মিশরের মধ্যে।
- ভারতের পারমাণবিক বিদ্যুৎখাতে বিনিয়োগকারী প্রথম বেসরকারি প্রতিষ্ঠান- জিন্দাল নিউক্লিয়ার।
- সম্প্রতি মণিপুরের মুখ্যমন্ত্রীর পদ থেক পদত্যাগ করলেন- বীরেন সিং।
- 2025 সালের সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট- সিঙ্গাপুরের।
- 95 বছর বয়সে প্রয়াত স্যাম নুজোমা হলেন- নামিবিয়ার প্রথম রাষ্ট্রপতি। (Memory Bank- স্যাম নুজোমা নামিবিয়ান জাতির প্রতিষ্ঠাতা হিসাবে পরিচিত।)
- হাইড্রোনেপাল প্রকল্পের জন্য চুক্তি স্বাক্ষর করেছে- নেপাল ও ফ্রান্স।
- AI Action Summit 2025 হোস্ট করবে- ফ্রান্স। পরবর্তী AI Action Summit হোস্ট করবে ভারত।
- ভারতের প্রথম স্বয়ংক্রিয় বায়ো মেডিকেল বর্জ্য শোধনাগার চালু করা হয়েছে- নিউ দিল্লিতে।
- জাতীয় স্নুকার চ্যাম্পিয়নশিপে স্বর্ণপদক জিতেছেন- পঙ্কজ আদাবানী।
- থাই পুসাম উৎসবটি শুরু হয়েছে- তামিলনাড়ু রাজ্য।
- Corruption Perceptions Index -প্রকাশিত রিপোর্ট অনুযায়ী ভারতের স্থান- 96 তম। প্রথম স্থানে রয়েছে ডেনমার্ক।
- সম্প্রতি প্রয়াত আচার্য সত্যেন্দ্র দাস হলেন- অযোধ্যা রাম মন্দিরের প্রধান পুরোহিত।
- 2027 সালে 39 তম জাতীয় গেমসের আয়োজন করবে- মেঘালয়।
- World Government Summit 2025 হোস্ট করবে- দুবাই।
- পঞ্চায়েত স্বায়ত্তশাসনের মূল্যায়ন করে ডিভোলিউশন ইনডেক্স রিপোর্ট জারি করেছে- Ministry of Panchayati Raj

*এরপর ৪ পাতায়*

Exam Bangla.Com

## স্টেট ব্যাংকে ট্রেড অফিসার পদে নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** দেশের বৃহত্তম ব্যাংকের ট্রেড অফিসার পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কলকাতা এবং হায়দ্রাবাদ ব্রাঞ্চের পক্ষ থেকে ট্রেড ফিনান্স অফিসার পদের দায়িত্বভারের জন্য কর্মী নিয়োগ করা হবে। চাকরিপ্রার্থীকে সরকারের স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে নূন্যতম গ্র্যাজুয়েশন করে থাকতে হবে। এর পাশাপাশি চাকরি প্রার্থীদের কাছে সাম্প্রতিক IIBF দ্বারা প্রকাশিত ফোরএক্স সার্টিফিকেট থাকতে হবে। সম্পূর্ণ অনলাইন মাধ্যমে চাকরিপ্রার্থীরা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অফিসিয়াল ওয়েবসাইট থেকে আবেদন জানাতে পারবেন আবেদন জানানোর শেষ তারিখ ২৩ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত। নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

## স্কুলে প্রধান শিক্ষক নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি:** শিলিগুড়ি জেলার সিআরপিএফ এর ওয়েবসাইট থেকে মেন্টেসরী বিদ্যালয়ে একাধিক পদে শিক্ষক শিক্ষিকা নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ভারতীয় সেনা পুলিশ ফোর্স এর বিদ্যালয়ে পাঠরত ছাত্র-ছাত্রীদের জন্য এখানে প্রধান শিক্ষিকা সহ বিভিন্ন পদে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হবে। প্রধান শিক্ষিকা এবং আয়া পদে চুক্তিভিত্তিক ভাবে ১১ মাসের জন্য মহিলা প্রার্থীদের নিয়োগ করা হবে। প্রয়োজনে চাকরি প্রার্থীরা আরও তথ্য জানার জন্য www.crpf.gov.in -এই অফিসিয়াল ওয়েবসাইটে যোগাযোগ করতে পারেন। প্রতিটি চাকরিপ্রার্থী থেকে অফলাইন মাধ্যমে সংস্থার পক্ষ থেকে বলে দেওয়া ঠিকানায় আবেদনপত্র জমা করে আসতে হবে। নির্দিষ্ট ঠিকানায় ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে আবেদনপত্র জমা করতে হবে। বিস্তারিত তথ্য জানতে Exam Bangla -র অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করুন।

## কলকাতা সিটি সিভিল কোর্টে নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** গ্রুপ সি পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে কলকাতা সিভিল কোর্ট। সামন বেইলিফ পদে আবেদনের জন্য চাকরিপ্রার্থীকে শুধুমাত্র যেকোনো স্বীকৃত বিদ্যালয় থেকে অষ্টম শ্রেণী পাস হতে হবে। লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদে আবেদনের জন্য ইচ্ছুক চাকরি প্রার্থীকে পশ্চিমবঙ্গ উচ্চ শিক্ষা সংসদের অন্তর্গত যেকোনো বিদ্যালয় থেকে মাধ্যমিক পাস হতে

*পরের পাতায়*

# কারেন্ট অ্যাফেয়ার্স

## ১০ ফেব্রুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত

*৩ পাতার পর*

- দুর্নীতির জন্য ICC কর্তৃক নিষিদ্ধ প্রথম মহিলা ক্রিকেটার হলেন- সহেলী আখতার।
- জাতীয় নারী দিবস পালন করা হয়- 13 ফেব্রুয়ারি।
- ICC চ্যাম্পিয়নস ট্রফির ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত হয়েছেন- শিখর ধাওয়ান।
- সামাজিক ন্যায় বিচার নিয়ে আঞ্চলিক সংলাপের আয়োজন করা হবে- নিউ দিল্লি তে।
  উদ্বোধন করবেন মনসুখ মান্ডাভিয়া।
- গ্রিসের নতুন প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছেন- কনস্টান্টাইন তাসোলাস।
- 38 তম জাতীয় গেমসে জিমনাস্টিক বিভাগে সোনা জিতেছেন- জম্মু ও কাশ্মীরের মুসকান রানা।
- ওয়ার্ল্ড রেডিও ডে পালন করা হয়- 13 ফেব্রুয়ারী।
- 'নদী বাহন স্কিম' শুরু করেছে- পশ্চিমবঙ্গ।
- সম্প্রতি মুখ্যমন্ত্রী পদত্যাগ করার পরে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে- মনিপুর রাজ্যে।
  (Memory Bank- মণিপুরের রাজ্যপাল হিসেবে নিযুক্ত রয়েছেন- অজয় কুমার ভাল্লা।)
- ভারতের সামুদ্রিক পরিকাঠামো শক্তিশালী করার জন্য চুক্তি স্বাক্ষর করেছে- ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড ও শিপিং কর্পোরেশন অফ ইন্ডিয়া।
- রোমানিয়ার পরবর্তী প্রেসিডেন্ট হিসেবে নিযুক্ত হলেন- ইলি বোলোজান।
- BrahMos NG মিসাইল যুগ্মভাবে তৈরি করেছে- ভারত এবং রাশিয়া।
- প্রবীণ ভারতীয় বিজ্ঞানীদের জন্য অনুসন্ধান ন্যাশনাল রিসার্চ ফাউন্ডেশন যে প্রকল্পের শুরু করেছে সেটি হল- জগদীশচন্দ্র বোস গ্র্যান্ট স্কিম।
- বেলজিয়ামের নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন- বার্ট ডি ওয়েভার।

Exam Bangla.Com

হবে এবং এর পাশাপাশি কম্পিউটারের সার্টিফিকেট ও টাইপিং এর দক্ষতা থাকাও আবশ্যক। চাকরিপ্রার্থীর ন্যূনতম বয়স হতে হবে ১৮ বছর এবং সর্বোচ্চ বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। সম্পূর্ণ অনলাইন মাধ্যমে কলকাতা সিভিল কোর্টের www.citycivilcourtcalcutta.dcourts.gov.in -এই অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে চাকরি প্রার্থীরা আবেদন জানাতে পারবেন। আবেদন জানানোর শেষ তারিখ ১৬ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# গার্ডেনরিচ শিপবিল্ডার্সে ১৫ হাজার টাকা স্টাইপেন্ড

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** গার্ডেনরিচ শিপবিল্ডার্সের পক্ষ থেকে বেশ কিছু শূন্য পদে যোগ্য কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আবেদনে ইচ্ছুক প্রার্থীদের প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন কর্মদক্ষতা এবং অভিজ্ঞতা প্রদান করা হবে। আবেদনে ইচ্ছুক চাকরি প্রার্থীদের MBA অথবা ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। আবেদনকারী প্রার্থীদের মধ্যে থেকে সংস্থার তরফে একটি বিস্তারিত তালিকা প্রকাশ করা হবে। এই তালিকা অনুসারে যোগ্য প্রার্থীরা, সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে নিযুক্ত হওয়ার সুযোগ পাবেন। চাকরি প্রার্থীদের আবশ্যিকভাবে ০১ জানুয়ারি ১৯৯৯ -এরপরে জন্মগ্রহণ করে থাকতে হবে। ০১/০১/২০২৫ তারিখের হিসাব অনুসারে সর্বোচ্চ ২৬ বছরের চাকরি প্রার্থীরাই এই পদে আবেদন জানাতে পারবেন। চাকরি প্রার্থীদের www.grse.in -এই অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে অনলাইন মাধ্যমে আবেদন জানাতে পারবেন। প্রতিটি চাকরি প্রার্থীকে আবশ্যিকভাবে ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের পূর্বে আবেদনপত্র জমা করে দিতে হবে।বিস্তারিত তথ্য জানতে Exam Bangla -র অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করুন।

# বর্ডার রোড অর্গানাইজেশনে ৪১১ শূন্যপদে গ্রুপ- ডি নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা:** প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অন্তর্গত বর্ডার রোড অর্গানাইজেশনের পক্ষ থেকে একাধিক পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ হয়েছে। মোট ৪১১টি শুন্য পদে এখানে কর্মী নিয়োগ করা হবে। চাকরিপ্রার্থীদের বয়স হতে হবে ১৮ বছর থেকে ২৫ বছরের মধ্যে। চাকরি প্রার্থীদের যে কোন স্বীকৃত বিদ্যালয় থেকে অন্ততপক্ষে মাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষায় পাস করে থাকতে হবে। এখানে মহিলা চাকরিপ্রার্থীরা আবেদন জানাতে পারবেন না। লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা এবং প্র্যাকটিক্যাল বিভিন্ন পরীক্ষার মাধ্যমে চাকরিপ্রার্থীদের যোগ্যতা বিচার করা হবে। চাকরিপ্রার্থীকে অফলাইন মাধ্যমে আবেদন জানাতে হবে। একজন ব্যক্তি শুধুমাত্র একটি পদের জন্যই আবেদন জানাতে পারবেন। আবেদনের জন্য চাকরি প্রার্থীদের www.marvels.bro.gov.in -এই অফিসার ওয়েবসাইটে গিয়ে আবেদন জানাতে পারবেন। আবেদন চলবে ২৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# কলকাতা ইন্ডিয়ান ওয়েল দপ্তরে কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড এর পক্ষ থেকে বিভিন্ন গ্রুপ সি পদে একাধিক কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের পাশাপাশি পশ্চিবঙ্গের কলকাতা ইন্ডিয়ান ওয়েল দপ্তরে এই কর্মী নিয়োগ করা হবে। যে সমস্ত পদে নিয়োগ করা হবে সেগুলি হল জুনিয়র অপারেটর, জুনিয়র এটেনডেন্টজুনিয়র বিজনেস এসিট্যান্ট। এখানে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের বিভিন্ন রিজিয়ানের পক্ষ থেকে যোগ্য কর্মীদের নির্বাচন করা হবে। চাকরিপ্রার্থীদের বয়স ১৮ বছর থেকে ২৬ বছরের মধ্যবর্তী হতে হবে। নিয়োগের প্রথম মাস থেকে জুনিয়র অপারেটর এবং জুনিয়ার এটেনডেন্ট পদে নিযুক্ত কর্মীরা ন্যূনতম ২৩ হাজার টাকা থেকে সর্বোচ্চ ৭৮ হাজার টাকা পর্যন্ত বেতন পাবেন। অনলাইন মাধ্যমে www.iocl.com -এই ওয়েবসাইট থেকে আবেদন জানাতে পারবেন। আবেদন জানানোর শেষ তারিখ ২৩ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

পশ্চিমবঙ্গের চাকরি প্রার্থীদের প্রথম পছন্দ




Exam Bangla.com